আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর যুগে কিশোর ছিলাম। আমি তাঁর কথাগুলি মুখস্থ ক’রে নিতাম। কিন্তু আমাকে কথা বলতে একটাই জিনিস বাধা সৃষ্টি করত যে, সেখানে আমার চেয়ে বয়োজ্যেষ্ঠ মানুষ উপস্থিত থাকত।

সামুরাহ ইবনে জুনদুব রাদিয়াল্লাহু ‘আনহু কর্তৃক বর্ণিত, তিনি বলেন, “আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর যুগে কিশোর ছিলাম। আমি তাঁর
কথাগুলি মুখস্থ ক’রে নিতাম। কিন্তু আমাকে কথা বলতে একটাই জিনিস বাধা সৃষ্টি করত যে, সেখানে আমার চেয়ে বয়োজ্যেষ্ঠ মানুষ উপস্থিত থাকত।”
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

সামুরাহ ইবন জুনদব রাদিয়াল্লাহু সংবাদ দেন যে, তিনি রাসূলুল্লাহর যামানায় কম বয়সী ছিলেন। তিনি রাসূলের অনেক কথাই মুখস্থ করতেন। কিন্তু তাকে সেগুলো বর্ণনা করতে কেউ নিষেধ করত না একমাত্র তার চেয়ে বয়স্ক লোক উপস্থিত থাকা ছাড়া।

https://sunnah.global/hadeeth/bn/show/3130